

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধিক্ষেক কার্যালয়

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৬/০৯/২০১৯ খ্রি.

**২০২০ সালের এইচএসসি পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজ থেকে ২০২০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় প্রাইভেট রেজিস্ট্রেশনের লক্ষ্যে আগ্রহী শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী আবেদন করার জন্য নির্দেশ দেয়া গেল।

**১। শর্তাবলী:**

(ক) এসএসসি/সমমান পরীক্ষা পাশের কমপক্ষে তিন বছর পর অর্ধাং ২০১৫ এবং তৎপূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(খ) প্রাইভেট শিক্ষার্থীরা ২০২০ সালের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। গৃহিত বিষয়সমূহ পাঠ্যসূচিতে উল্লেখিত গুচ্ছ অনুযায়ী হতে হবে। গুচ্ছ বহির্ভূত বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করলে বাতিল বলে গণ্য হবে।

(গ) প্রাইভেট শিক্ষার্থীরা কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। তবে যে সকল বিষয়ে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত) ব্যবহারিক পরীক্ষা আছে, সে সকল বিষয় নেয়া যাবে না। প্রাইভেট শিক্ষার্থীরা চতুর্থ বিষয় নিতে পারবে না।

(ঘ) শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরীরত ব্যক্তি এবং শারীরিক বা দৃষ্টি প্রতিবন্ধি প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। তবে অন্যান্য সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

(ঙ) প্রাইভেট শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের লক্ষ্যে তালিকাভুক্তি ফি বাবদ ৮০০/- (আট শত টাকা) জমাদান পূর্বক আগামী ০৬/১০/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি বরাবরে আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।

(চ) আবেদন দাখিলের পর আগামী ১২/১০/২০১৯ খ্রি. তারিখে কলেজে উপস্থিত হয়ে অবশ্যই eSIF পূরণ করতে হবে। eSIF পূরণের সময় টাকা জমাদানের রশিদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি সঙ্গে আনতে হবে।

(ছ) যেসকল শিক্ষার্থী ১৯৯৫ সালের আগে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর অপর পৃষ্ঠায় Verified and found correct লেখা থাকতে হবে।

(জ) যেসকল শিক্ষার্থী কারিগরী শিক্ষা বোর্ড এবং উন্নত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর অপর পৃষ্ঠায় Verified and found correct লেখা থাকতে হবে।

(ঝ) যেসকল শিক্ষার্থী ১৯৯৯ সালের আগে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর অপর পৃষ্ঠায় Verified and found correct লেখা থাকতে হবে।

**২। আবেদনের সাথে জমা দিতে হবে:**

(ক) এসএসসি/সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র এবং প্রত্যেকটির ফটোকপি- ২কপি জমা দিতে হবে।

(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ৩কপি এবং প্রত্যেকটির সম্মুখভাগে স্বাক্ষর থাকতে হবে।

(গ) ১ম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট থেকে প্রার্থীর চারিত্রিক প্রত্যয়নপত্র।

(ঘ) শিক্ষক প্রার্থীদের ক্ষেত্রে চাকুরীর মেয়াদ কমপক্ষে ৩(তিনি) বছর পূর্ণ হয়েছে মর্মে জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(ঙ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর ক্ষেত্রে কমপক্ষে ১ বছর পূর্ণ হয়েছে- মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(প্রক্ষেপের মোঃ মন্তব্য উদীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

২০২০।